সংযুক্তি - ১

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি।

বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এ আয়োজিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি-নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
সভার তারিখ	১৭ জানুয়ারি ২০২৩
সভার সময়	১০:০০ ঘটিকা।
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)।

গত ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভা কমিটির সভাপতি মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-সহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন (উপস্থিতির তালিকা (3893/potrojariAttachmentRef/62335/0/3505))। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

১.০ আলোচনা :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর বাস্তবায়ন প্রতিবেদন ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ার আশা করা যাচ্ছে। ২য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ, ২০২৩) 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে কমিটির সভাপতি বলেন, ডেভেলপমেন্ট পার্টনারদের নিয়ে সভা করলে সেবা প্রদানের ক্ষেত্রে সরাসরি সুচিন্তিত মতামত পাওয়া যায়, যার মাধ্যমে সুবিধা-অসুবিধাগুলো সম্পর্কে অবগত হওয়া যায় এবং কোম্পানি পর্যায়ে উত্তম সেবা প্রদানে করনীয় বিষয়েও ধারণা পাওয়া যায়। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত গৃহিত হয় যে, অংশীজন (Stakeholders) হিসেবে ডেভেলপমেন্ট পার্টনারদের অংশগ্রহণে সভাটি ফেব্রুয়ারি-২০২৩ মাসের সুবিধাজনক সময়ে আয়োজন করা যেতে পারে।

১.৩। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে ২০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে বলে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন। কমিটির সদস্য-সচিব কোম্পানিতে নতুন যোগদানকারী কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করার প্রস্তাব করলে কমিটির সম্মানিত সদস্য, মহাব্যবস্থাপক(অপারেশন) মহোদয় বলেন যে, নতুন যোগদানকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হলে তাঁরা শুদ্ধাচার বিষয়ে জানতে পারবে এবং প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষণীয় দিকগুলো অফিসে তাদের কর্মকান্ডে ব্যবহার করতে পারবে। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(মানব সম্পদ) এর পক্ষে সভায় উপস্থিত জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক(প্রশিক্ষণ) জানান যে, মানব সম্পদ বিভাগ কর্তৃক নতুন যোগদানকারী কর্মকর্তাদের অংশগ্রহণে বর্ণিত প্রশিক্ষণটি মার্চ-২০২৩ মাসে বাস্তবায়ন করা হবে।

১.৪। সভায় কমিটির সদস্য-সচিব আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৩য় কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় টিওএন্ডই-ভুক্ত ১(এক) লট অকেজো মালামাল নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভায় উপস্থিত অকেজো মালামাল নিষ্পত্তিকরণের বাস্তবায়নকারী কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম, ব্যবস্থাপক (ফায়ার সেফটি-তিতাস দক্ষিণ) সভাকে অবহিত করেন যে, মার্চ-২০২৩ এর মধ্যে উক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণের কাজটি বাস্তবায়ন করা হবে।

১.৫। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর বিষয়টি উল্লেখ আছে। এ বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কর্মকর্তাদের পিআরএল সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্ট্রারে সংরক্ষণ করা হচ্ছে, যা ইতোমধ্যে ১ম ও ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে।

১.৬। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে গাড়ীর লগবই পরীক্ষণ এর বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, উপ-মহাব্যবস্থাপক(ট্রান্সপোর্ট) সভাকে জানান যে, গাড়ীর লগ বই যথাযথভাবে মেইনটেইন করা হচ্ছে এবং একটি কমিটি গঠনের মাধ্যমে উক্ত লগবই পরীক্ষণ এর কাজটি সম্পাদন করা হয়, যা ইতোমধ্যে ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে।

২.০। সিদ্ধান্ত :

২.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারের অংশীজন (Stakeholders) হিসেবে ডেভেলপমেন্ট পার্টনারদের অংশগ্রহণে সভা আগামী ফেব্রুয়ারি-২০২৩ মাসে আয়োজন করতে হবে।

২.২। মানব সম্পদ বিভাগ বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় ৩য় কোয়ার্টারের মার্চ-২০২৩ মাসে ন্যূনতম ২০ জন নতুন যোগদানকারী কর্মকর্তা-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

২.৩। কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় টিওএন্ডই-ভুক্ত ১(এক) লট অকেজো মালামাল নিষ্পত্তিকরণের কাজটি ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

২.৪। 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর কাজটি ১ম ও ২য় কোয়ার্টারের ন্যায় ৩য় কোয়ার্টারেও অব্যাহত রাখতে হবে এবং এর কপি ৩১ মার্চ ২০২৩ তারিখে নৈতিকতা কমিটিকে প্রদান করবে।

২.৫। ট্রান্সপোর্ট বিভাগ চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারের ন্যায় ৩য় কোয়ার্টারেও গাড়ীর লগবই পরীক্ষণ এর কাজটি যথাযথভাবে সম্পন্ন করে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

সবশেষে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে সভাপতি বলেন, পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং সকল প্রকার প্রমাণক সহকারে প্রতিবেদন দাখিল করতে হবে। সদস্য-সচিব সভার সিদ্ধান্তগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি-নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৪

তারিখ: ৯ মাঘ ১৪২৯
২৩ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (সিভিল), বিজিএফসিএল।
৪) উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল।
৫) ব্যবস্থাপক (প্রশিক্ষণ), মানব সম্পদ বিভাগ, বিজিএফসিএল।
৬) ব্যবস্থাপক (আইডব্লিউটি), আইসিটি বিভাগ, বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭) ব্যবস্থাপক(পিআরএল এন্ড লিভ)-কর্মকর্তা, পিআরএল এন্ড লিভ বিভাগ, বিজিএফসিএল।
৮) ব্যবস্থাপক (ফায়ার সেফটি), তিতাস ফিল্ড দক্ষিণ, বিজিএফসিএল।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি-নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী

তারিখ : ১৭ জানুয়ারি ২০২৩

ক্রমিক নং	নাম ও পদবি	স্বাক্ষর
১।	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
২।	উত্তম কুমার সরকার মহাব্যবস্থাপক (অপারেশন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
৩।	মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল), বিজিএফসিএল।	17/01/2023
৪।	এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/১/২৩
৫।	মোঃ গোলাম মোস্তফা উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিএফসিএল।	১৭/০১/২৩
৬।	আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	17.01.2023
৭।	ফয়েজ উদ্দিন আহামেদ উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল।	১৭/১/২০২৩
৮।	শুভঙ্কর কুমার সাহা ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
৯।	মোঃ শফিকুল ইসলাম ব্যবস্থাপক (ফায়ার এন্ড সেফটি)-তিতাস দক্ষিণ, বিজিএফসিএল।	১৭.০১.২০২৩
১০।	জোহরা আক্তার ব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ)-কর্মকর্তা, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
১১।	মোহাম্মদ মোস্তফা কামাল ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
১২।	মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭.১.২৩
১৩।		